তারিখ ২4 APR 2017
পৃষ্ঠা 2 কলাম 6

# রাবিতে র‍্যালি-সমাবেশে দ্রুত বিচারের দাবি

■ রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজি বিভাগের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী মুকুল হত্যার এক বছর পূর্তিতে শোকর‍্যালি-সমাবেশসহ বিভিন্ন কর্মসূচি পালন করেছেন প্রতিষ্ঠানটির শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল রোববার এসব কর্মসূচি থেকে হত্যাকাণ্ডের মূল হোতা শরিফুল ইসলাম গ্রেফতার না হওয়ায় হতাশা প্রকাশের পাশাপাশি দ্রুত বিচার কাজ শেষ করে দোষীদের শাস্তি নিশ্চিতের দাবি জানানো হয়।



অধ্যাপক রেজাউল হত্যার ১ বছর

সকাল সাড়ে ৯টায় ক্যাম্পাসে শোক র‍্যালি বের করেন ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। র‍্যালি নিয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে 'মুকুল প্রতিবাদ ও সংহতি মঞ্চে' এসে তারা সমাবেশ করেন। এ সময় ইংরেজি বিভাগের সাহিত্য পত্রিকা 'সপ্তক'-এর অধ্যাপক রেজাউল করিম স্মরণ সংখ্যার মোড়ক উন্মোচন করা হয়। সমাবেশে ছাত্র উপদেষ্টা অধ্যাপক মিজানুর রহমান, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক শহীদুল্লাহ, ইংরেজি বিভাগের সভাপতি অধ্যাপক মাসউদ আখতারসহ শিক্ষার্থীরা বক্তব্য রাখেন। এরপর সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে মানববন্ধন করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। এতে মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ ও ইংরেজি বিভাগ একাত্মতা প্রকাশ করে। মানববন্ধনে বক্তারা দ্রুত বিচারকাজ শেষ করে জড়িতদের শাস্তি নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।

মানববন্ধনে শিক্ষক সমিতির সভাপতি ও ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মো. শহীদুল্লাহ বলেন, 'রেজাউল স্যারকে এভাবে হত্যা করা হবে আমরা ভাবিনি। মামলায় যে অগ্রগতি হয়েছে, তাতে আমরা সন্তুষ্ট নই। কেননা আমরা খুনিদের ফাঁসি দেখতে চাই।' ইংরেজি বিভাগের সভাপতি অধ্যাপক মাসউদ আখতার বলেন, 'এ হত্যাকাণ্ডের চার্জশিট দেওয়া হলেও এখনও বিচার কার্যক্রম শুরু হয়নি। আমরা আশা করব বিচারিক কার্যক্রম দ্রুত শুরু হবে এবং দোষীদের যথাযথ শাস্তি নিশ্চিত করা হবে।'

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শাহ আযম শান্তনুর সঞ্চালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন রাবি ■ পৃষ্ঠা ৪ : কলাম ৭

## রাবিতে র‍্যালি-সমাবেশে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি (দায়িত্ব হস্তান্তর হয়নি) অধ্যাপক নজরুল ইসলাম, পরিবেশবিজ্ঞান ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সুলতান-উল-ইসলাম ও আইন বিভাগের অধ্যাপক হাসিবুল আলম প্রধান।

এ ছাড়া দুপুর সাড়ে ১২টায় দোষীদের বিচারের আওতায় এনে বিচারকাজ দ্রুত শেষ করতে রাজশাহী মহানগর পুলিশ কমিশনারকে স্মারকলিপি দেয় রাবির ইংরেজি বিভাগ। গত বছরের ২৩ এপ্রিল রাজশাহী নগরীর শালবাগান এলাকায় নিজ বাসভবনের পাশে অধ্যাপক রেজাউল করিমকে কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা। এ ঘটনায় বাদী হয়ে নিহতের ছেলে রিয়াসাত ইমতিয়াজ সৌরভ ওইদিন বিকেলে নগরীর বোয়ালিয়া থানায় হত্যা মামলা করেন। গত বছর ৬ নভেম্বর নব্য জেএমবির ৮ সদস্যের নামে আদালতে চার্জশিট দাখিল করেন মামলার তদন্ত কর্মকর্তা। তাদের মধ্যে তিনজন বিভিন্ন সময় পুলিশের অভিযানে নিহত হয়েছেন। বাকিদের মধ্যে মূল হোতা শরিফুল ইসলাম এখনও পলাতক। অপর তিনজন জেলহাজতে রয়েছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
...নিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর